# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

শিক্ষা বোর্ড ভবন,সদর, দিনাজপুর।
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


সংশোধিত
একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত।

স্মারক নং-মাউশিবোদি/বিনি/৯ম শ্রেণী-বিজ্ঞপ্তি-২০২৫ (এসএসসি-২০২৭)/৩০৯(২৭০০) তারিখ ঃ ০৮/০১/২০২৬ খ্রিঃ

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয় ঃ ৯ম শ্রেণি-২০২৫ শিক্ষাবর্ষ ২০২৫-২০২৬ (এসএসসি-২০২৭) শিক্ষার্থীদের ON-LINE রেজিষ্ট্রেশনকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ
১। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং: ৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮, তারিখ: ০১/০৯/২০২৪।
২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং: ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.৩২৯২, তারিখ: ২৩/১০/২০২৩।
৩। জাতীয় শিক্ষাক্রম ও পদাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা'র পত্র নং: ৩৭.০৬.০০০০.৪০২.০৬৮.০২.৩৬, তারিখ: ০২/১০/২০২৪।

এতদ্বারা অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি/মঞ্জুরী প্রাপ্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকবৃন্দের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৭ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের সকল গ্রুপের (মানবিক/বিজ্ঞান/বাণিজ্য) শিক্ষার্থীদের ON-LINE রেজিষ্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণির (ON-LINE) রেজিষ্ট্রেশন এর জন্য www.dinajpurboard.gov.bd সাইটে যেয়ে SSC eSIF 2025-2026 বাটনে ক্লিক করে EIIN NO ও PASSWORD দিয়ে লগ ইন করলে ঐ স্কুল হতে ৮ম শ্রেণীতে রেজিষ্ট্রেশনকৃত সকল শিক্ষার্থীর তালিকা পাওয়া যাবে। প্রাপ্ত তালিকা হতে যেসব শিক্ষার্থী ৯ম শ্রেণীতে রেজিষ্ট্রেশন করবে তাদেরকে SELECT করে প্রত্যেক শিক্ষার্থীর গ্রুপ/বিভাগ, শ্রেণী রোল, বিষয় ইত্যাদি সকল বিষয় SELECT করে SUBMIT BUTTON এ CLICK করলে SELECT করা শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন এর প্রথম ধাপ সম্পন্ন হবে।

যদি কোন শিক্ষার্থীর নাম ঐ তালিকায় পাওয়া না যায় অথবা যে শিক্ষার্থী ছাড়পত্র (টি,সি) নিয়ে ভর্তি হয়েছে তাদের রেজিষ্ট্রেশন করার জন্য Add New Student Button এ Click করে পূর্বের বছরের ন্যায় রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে হবে।

এভাবে সকল শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন করার পর Student List থেকে Payment Button এ ক্লিক করে Sonali e-sheba এর মাধ্যমে Auto Generated Amount Payment করতে হবে। Payment সম্পন্ন হলে Final List Button এ ক্লিক করে রেজিষ্ট্রেশনকৃত শিক্ষার্থীদের পূর্ণ তালিকা প্রিন্ট করতে পারবে। Payment না করলে রেজিষ্ট্রেশন শিক্ষাবোর্ডে Submit হবে না ও শিক্ষার্থীদের কোন রেজিষ্ট্রেশন কার্ড পাওয়া যাবে না।

কোন অবস্থায় Sonali e-sheba ব্যাতীত অন্য কোন মাধ্যমে রেজিষ্ট্রেশন ফি পরিশোধ করা যাবে না।

**উল্লিখিত রেজিষ্ট্রেশন প্রক্রিয়া নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।**

০১। রেজিষ্ট্রেশন কার্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, শিক্ষার্থীদের গ্রুপ/বিভাগ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) এবং বিষয় সম্পর্কে অবগত করবেন। পরবর্তীতে শিক্ষার্থীরা তাদের অভিভাবকদের সাথে আলাপ করে কোন বিভাগ/গ্রুপ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) নিবে তা প্রধান শিক্ষক বরাবর লিখিত আবেদনের মাধ্যমে নিশ্চিত করবে। উক্ত আবেদনে উল্লিখিত গ্রুপ/বিভাগ (মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা) অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত শিক্ষক সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিষ্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবেন।

**উল্লেখ্য, শিক্ষার্থীদের ৮ম শ্রেণীর বার্ষিক পরীক্ষার ফলাফল বিবেচনা করে গ্রুপ বিভাজন করা যেতে পারে।**

০২। ভর্তির যোগ্যতা ঃ ৮ম শ্রেণী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী মাধ্যমিক পর্যায়ে ৯ম শ্রেণিতে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।

**তবে, কোন শিক্ষার্থীর বয়স ১২ (বার) বছর পূর্ন না হলে এবং ১৮ (আঠারো) বছরের অধিক হলে নবম শ্রেনিতে ভর্তি হতে পারবে না।**

শর্ত থাকে যে, অনিয়মিত শিক্ষার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে অন-লাইন নিবন্ধন করেনি মর্মে প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন। পূর্বের সেশনে অন-লাইন নিবন্ধন করে থাকলে বর্তমান শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট শিক্ষার্থীর নিবন্ধন কার্ড শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যু করা হবে না। এই আদেশ অমান্য করা হলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে পাবলিক পরীক্ষা অধ্যাদেশ ১৯৮০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি ও উপস্থিতি নিশ্চিত হয়ে রেজিষ্ট্রেশন করতে হবে। কোন শিক্ষার্থীর দ্বৈত রেজিষ্ট্রেশন হলে তার রেজিষ্ট্রেশন বাতিল হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এর দায় বহন করতে হবে।

০৪। শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশনের জন্য তথ্য এন্ট্রি করার লক্ষ্যে স্বপ্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষকসহ শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিষ্ট্রেশন কমিটি গঠন করতে হবে। রেজিষ্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চুড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কাপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর তথ্যে ভুল-ত্রুটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।

০৫। ছাড়পত্র (টি,সি) ঃ e-SIF পূরণের পর কোন অবস্থাতেই শিক্ষা বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি,সি) দেয়া যাবে না। কোন শিক্ষার্থীর ছাড়পত্র (টি, সি) প্রয়োজন হলে On Line এ বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বিদ্যালয় পরিবর্তনের আবেদন করা যাবে। **উল্লেখ্য, নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্র যথারীতি চলবে এবং দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ছাড়পত্রের (টি,সি) জন্য নির্বাচনী পরীক্ষা শুরুর পূর্ব অর্থাৎ ৩১/১০/২০২৬ খ্রি. পর্যন্ত On Line এ আবেদন করা যাবে। বর্ণিত সময়সীমার পর ছাড়পত্রের আবেদনে সম্মতি না দেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।**

০৬। নিবন্ধন সংক্রান্ত যে কোন জটিলতা দেখা দিলে আবেদন পত্র সহ শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা/নিবন্ধন শাখায় নির্দিষ্ট সময়ের মধ্যে সরাসরি যোগাযোগ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

০৭। কোন বিদ্যালয়ে যে বিভাগ বা বিষয় খোলার অনুমতি নেই সে বিদ্যালয়ে শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগ বা বিষয় নিতে পারবে না।

০৮। শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফি-এর বেশি অর্থ কোন ক্রমেই আদায় করা যাবে না।

০৯। বোর্ড কর্তৃক সরবরাহকৃত মোবাইল সিম ব্যবহার করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে

**১০। রেজিষ্ট্রেশন ও অন্যান্য ফি (শিক্ষার্থী প্রতি/বিদ্যালয় প্রতি) নিম্নরূপ ঃ-**

| ক্রমিক নং | বিবরণ | ফি-এর হার (টাকা) | |
|---|---|---|---|
| ০১ | রেজিষ্ট্রেশন ফি | ১০০/- | শিক্ষার্থী প্রতি |
| ০২ | ক্রীড়া ফি | ৫০/- | ” |
| ০৩ | স্কাউট ফি (ছেলে ও মেয়ে) | ২৫/- | ” |
| ০৪ | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মচারী কল্যাণ ট্রাষ্ট ফি | ১০০/- | ” |
| ০৫ | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি | ০৫/- | ” |
| ০৬ | যুব রেড ক্রিসেন্ট ফি (৪০ টাকার ৪০%)= ১৬ টাকা | ১৬/- | ” |
| ০৭ | বি.এন.সি.সি. ফি | ০৬/- | ” |
| ০৮ | মোট রেজিষ্ট্রেশন ফি (বিলম্ব ফি-ছাড়া) | ৩০২/- | ” |
| ০৯ | বিলম্ব ফি | ১০০/- | ” |
| ১০ | মোট রেজিষ্ট্রেশন ফি (বিলম্ব ফি-সহ) | ৪০২/- | ” |
| ১১ | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি | ৫০০/- | বিদ্যালয় প্রতি |

**বিলম্ব ফি ছাড়া অন-লাইনে নিবন্ধন সম্পাদনের তারিখ ঃ ১২/০১/২০২৬ খ্রি. হতে ৩১/০১/২০২৬ খ্রি. পর্যন্ত।**

**বিলম্ব ফি সহ অন-লাইনে নিবন্ধন সম্পাদনের তারিখ ঃ ০১/০২/২০২৬ খি. হতে ১৫/০২/২০২৬ খ্রি. পর্যন্ত।**

**ON-LINE নিবন্ধন জনিত যে কোন সমস্যার জন্য যোগাযোগ করুন ঃ ০১৭১০-৮২৫০৮২**

১১। রেজিষ্ট্রেশন শাখায় জমা দেয়ার প্রয়োজনীয় কাগজপত্র সমূহ ঃ

০১. প্রধান শিক্ষকের আবেদন।

০২. ৯ম শ্রেণিতে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর টট লিষ্ট এক কপি ।

০৩. e-sif (হার্ড কপি-মূল) এক কপি।

০৪. হিসাব বিবরণী।

০৫. সোনালী ই-সেবায় টাকা জমা দেয়ার স্লিপ এক কপি।

০৬. জেলা ও উপজেলা শিক্ষা অফিসার বরাবর স্কাউট ও গার্ল গাইড ফি বাবদ ব্যাংক ড্রাফট জামাদান রশিদের মূল কপি।

**দৃষ্টি আকর্ষণ** ঃ- প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিজে অথবা প্রতিষ্ঠানের অন্য কোন মনোনীত শিক্ষকের মাধ্যমে শিক্ষা বোর্ডের নিবন্ধন শাখার প্রয়োজনীয় কাগজপত্র নিম্নে বর্ণিত দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নিকট আবেদন সহ জমা দিয়ে, জমা গ্রহণকারীর নিকট থেকে অবশ্যই রিসিভ কপি নিবেন। অন্যথায় কোন জটিলতা সৃষ্টি হলে প্রধান শিক্ষক নিজে এর দায়ভার বহন করবেন, এর জন্য শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২২/০৮/২৫

(প্রফেসর মোঃ আমিনুল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

**অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
মাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতি প্রাপ্ত
সকল প্রতিষ্ঠান।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)** ঃ

০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডর আওতাধীন সকল জেলা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
০৩। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ।
০৪। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। কেন্দ্র সচিব (তাঁকে তাঁর কেন্দ্রের আওতাধীন বিদ্যালয়সমূহকে উল্লিখিত বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো )।
০৭। প্রধান শিক্ষক/অধ্যক্ষ (অত্র বোর্ডের আওতাধীন বিদ্যালয়সমূহ)
০৮। প্রজেক্ট ম্যানেজার, সুপার সফট করপোরেশন, দিনাজপুর (অন-লাইন নিবন্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো )।
০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১০। ওয়েব কপি ।
১১। অফিস কপি ।

## "সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা প্রেরণের ছক"

বিদ্যালয়ের নাম ঃ.............................................................................................................।

EIIN.................................বিদ্যালয়ের কোড নং .............................................................।

উপজেলাঃ ................................................ জেলাঃ.................................................................।

নিজ প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণির পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ঃ..............................................জন।

অন্য প্রতিষ্ঠান হতে আগত ৮ম শ্রেণির শিক্ষার্থীর সংখ্যা (যদি থাকে) ঃ.............................জন।

ছাত্র সংখ্যা ঃ .....................জন, ছাত্রী সংখ্যা ঃ ........................জন,মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ...............................জন।

(৯ম শ্রেণীতে রেজিষ্ট্রেশনকৃত সকল শিক্ষার্থীর ৮ম শ্রেণির মূল রেজিষ্ট্রেশন কার্ড প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে )

## টট লিষ্টের নমুনা ছকঃ

| SL NO | CANDIDIATE'S NAME FATHER'S AND MOTHER'S NAME | DATE OF BIRTH & SEX | CLASS ROLL, SECTION | GROUP, RELIGION & 4th SUBJECT | JSC / JDC PASSING YEAR , ROLL & BOARDS' NAME | SIGNATUR OF STUDENT |
|---|---|---|---|---|---|---|
| 01 | | | | | | |

## উপজেলা অনুযায়ী e-SIF এর হার্ডকপি শিক্ষা বোর্ডে জমাদানের তারিখ ঃ

| ক্রঃ নং | e-sif -এর হার্ড কপি জমাদানকারি উপজেলার নাম | e-sif (হার্ড কপি) শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ |
|---|---|---|
| ০১ | রংপুর সদর, সাদুল্যাপুর, নীলফামারী সদর, হরিপুর, পার্বতীপুর, রৌমারী ও রাজিবপুর উপজেলা। | ০১/০৪/২০২৬ খ্রি. |
| ০২ | বদরগঞ্জ, গাইবান্ধা সদর, সৈয়দপুর, ঠাকুরগাঁও সদর, বীরগঞ্জ, বিরামপুর, কুড়িগ্রাম সদর উপজেলা। | ০২/০৪/২০২৬ খ্রি. |
| ০৩ | মিঠাপুকুর, পলাশবাড়ি, ডোমার, রানীসনকৈল, কাহারোল, ফুলবাড়ি (দিন), ও রাজারহাট উপজেলা। | ০৫/০৪/২০২৬ খ্রি. |
| ০৪ | তারাগঞ্জ, সাঘাটা, ডিমলা, পীরগঞ্জ (ঠাকু), বালিয়াডাঙ্গী, নবাবগঞ্জ ও ফুলবাড়ি (কুড়ি) উপজেলা। | ০৬/০৪/২০২৬ খ্রি. |
| ০৫ | কাউনিয়া, সুন্দরগঞ্জ, কিশোরগঞ্জ,আদিতমারি, কালিগঞ্জ, বোচাগঞ্জ ও নাগেশ্বরী উপজেলা। | ০৭/০৪/২০২৬ খ্রি. |
| ০৬ | পীরগঞ্জ (রং), ফুলছড়ি, জলঢাকা, বোদা, লালমনিরহাট সদর, চিরিরবন্দর, দিনাজপুর সদর ও ভুরুঙ্গামারি উপজেলা। | ০৮/০৪/২০২৬ খ্রি. |
| ০৭ | গংগাচড়া, গোবিন্দগঞ্জ, আটোয়ারী, পঞ্চগড় সদর, পাটগ্রাম, ঘোড়াঘাট, খানসামা ও চিলমারি উপজেলা। | ০৯/০৪/২০২৬ খ্রি. |
| ০৮ | পীরগাছা, দেবীগঞ্জ, তেঁতুলিয়া, হাতিবান্ধা, বিরল, হাকিমপুর, ও উলিপুর উপজেলা। | ১২/০৪/২০২৬ খ্রি.দ |

<u>জেলা ভিত্তিক দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর তালিকা  নিম্নরুপঃ</u>

| ক্রঃ নং | জেলার নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | গাইবান্ধা | মোঃ মেসবাহুল ইসলাম, সেকশন অফিসার | ০১৯১৩-১৪৯১৯৫ |
| ০২ | রংপুর | মোঃ নুরুজ্জামান, সেকশন অফিসার | ০১৭১৮-৯৩৭১২১ |
| ০৩ | পঞ্চগড় | মোঃ আবু সায়েম, উচ্চমান সহকারি | ০১৭১৭-১৩৬৬৪৩ |
| ০৪ | লালমনিরহাট | রাশেদা খাতুন, ষ্ট্যানো টাইপিষ্ট | ০১৭৩৪-৯৩৫৭৭৮ |
| ০৫ | নীলফামারী ও দিনাজপুর (সদর, পার্বতীপুর, চিরিরবন্দর, নবাবগঞ্জ, ঘোড়াঘাট, ফুলবাড়ী) | মোঃ শহিদুল ইসলাম, নাম্বারিং মেশিন অপারেটর | ০১৭১২-২৫৬৪৬৬ |
| ০৬ | ঠাকুরগাঁও ও দিনাজপুর (বীরগঞ্জ, বিরামপুর, হাকিমপুর) | আবু জাহিদ মোহাম্মদ সায়েম, ক্যাশ সরকার | ০১৬৪৪-৫০৬৫০৪ |
| ০৭ | কুড়িগ্রাম ও দিনাজপুর (বিরল, বোচাগঞ্জ, খানসামা, কাহারোল) | মোঃ মাহামুদুন্নবীদ, কার্পেন্টার | ০১৭১৮-৮৯৯১০০ |

## হিসাব বিবরণী (প্রধান শিক্ষক কর্তৃক পূরণকৃত)

**বিষয় ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ৯ম শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত ফিসের হিসাব বিবরণী।**

বিদ্যালয়ের নাম ঃ.......................................................................................................................।

EIIN.......................................বিদ্যালয়ের কোড নং...................................................।

উপজেলা ঃ ......................................... জেলা ঃ ...........................................................।

পাঠদান/স্বীকৃতি নবায়নের মেয়াদ.................................. হতে .................................. পর্যন্ত ।

অনুমোদিত শাখা (টিক দিন) ঃ মানবিক শাখা / বিজ্ঞান শাখা / বাণিজ্য শাখা।

অনুমোদিত শ্রেণি শাখা (ক,খ,গ শ্রেণিসহ) সমূহ লিখুন.................................................।

অনুমোদিত বিষয় কোড সমূহ...................................................................................।

| ক্রমিক নং | শ্রেণি | ছাত্র সংখ্যা (জন) | ছাত্রী সংখ্যা (জন) | মোট সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | ৬ষ্ঠ | | | |
| ০২ | ৭ম | | | |
| ০৩ | ৮ম | | | |
| | মোট সংখ্যাঃ | | | |

### ৯ম শ্রেণিতে নিবন্ধনকৃত মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ

| শিক্ষার্থী | শাখা | | | মোট সংখ্যা |
|---|---|---|---|---|
| | বিজ্ঞান | মানবিক | বানিজ্য | |
| ছাত্র | | | | |
| ছাত্রী | | | | |
| মোট সংখ্যা | | | | |

স্কাউট ও গার্ল গাইড ফি (৯ম ও ১০ম শ্রেণি) বাবদ জেলা শিক্ষা অফিসার বরাবর ব্যাংক ড্রাফট জমাদানের রশিদ নং.............................................................. , জমাদানের তারিখ .......................................।

**নিবন্ধন ফি বাবদ সোনালী ই-সেবার মাধ্যমে বোর্ডে জমাকৃত সর্বমোট টাকা ঃ** অংকে ঃ.............................টাকা মাত্র। কথায় ঃ .........................................................................................টাকা মাত্র।

সোনালী ই-সেবায় প্রাপ্ত রশিদের ক্রমিক নং......................, তারিখ ঃ....................., সোনালী ব্যাংক লিঃ ,শাখার নাম ঃ .....................................উপজেলাঃ...........................জেলা ঃ .............................।

| শিক্ষার্থী সংখ্যা | | | নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি ১০০/-) | ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি ৫০/-) | স্কাউট ফি (শিক্ষার্থী প্রতি ২৫/-) | বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি শিক্ষার্থী প্রতি ৫/-) | কর্মচারী কল্যাণ ট্রাষ্ট ফি (শিক্ষার্থী প্রতি) (১০০) | যুব রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) ১৬/- | বি.এন.সি.সি. ফি (শিক্ষার্থী প্রতি ০৬/-) | বিলম্ব ফি ছাড়া মোট নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি ৩০২/-) | বিলম্ব নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি ১০০/-) | বিলম্ব ফি সহ মোট নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি ৪০২/-) | বিদ্যালয় ক্রীড়া মঞ্জুরী ফি ৫০০/- (বিদ্যালয় প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | মোট | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |